# 106562 - কোন মুহরিম ব্যক্তির জন্য ঘুমের সময় মাথা ঢাকা জায়েয আছে কিনা?

প্রশ্ন

কোন মুহরিম ব্যক্তির জন্য ঘুমের সময় মাথা ঢাকা জায়েয আছে কিনা?

প্রিয় উত্তর

আলহামদু লিল্লাহ।.

“যদি মুহরিম ব্যক্তি মহিলা হয় তাহলে তার জন্য মাথা ঢাকা জায়েয। আর যদি পুরুষ হয় তাহলে পুরুষের জন্য ঘুমের মধ্যে হোক কিংবা জাগ্রত অবস্থায় হোক মাথা ঢাকা জায়েয নেই। তবে তিনি যদি ঘুমের ঘোরে মাথা ঢেকে থাকেন, জাগ্রত হওয়ার সাথে সাথে কাপড় সরিয়ে নেয়া তার উপর ফরজ; কাপড় সরিয়ে নিলে তাকে কোন দণ্ড দিতে হবে না। কারণ ঘুমন্ত ব্যক্তি দায়মুক্ত।” সমাপ্ত